

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৮



বাংলা

(সাম্মানিক)

(দ্বিতীয় ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-203

(আধুনিক বাংলা গদ্যসাহিত্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাঠ্যসূত্র সংখ্যা পূর্ণমান নির্দেশক

১। কোন পত্রিকায়, কত সালে 'প্রাচ্য ও পাশ্চাত্য'-এর প্রবন্ধগুলি প্রথম ধারাবাহিকভাবে প্রকাশিত হয়? এই গ্রন্থে স্বামী বিবেকানন্দের কয়টি প্রবন্ধ আছে? "দেবতা ও অসুরের মূলতঃ প্রভেদ বৃত্তিতে, রুচিতে ও ধ্যান-ধারণায়।" 'দেবতা ও অসুর' প্রবন্ধ অবলম্বনে বিষয়টি আলোচনা করো। $২+১+১১=১৪$

অথবা

১। স্বামী বিবেকানন্দের পিতৃদত্ত নাম কি ছিল? 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থটি কত সালে প্রথম প্রকাশিত হয়? 'প্রাচ্য ও পাশ্চাত্য' গ্রন্থ অবলম্বনে বিবেকানন্দের গদ্যরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

$১+১+১২=১৪$

৩। বুদ্ধদেব বসু সম্পাদিত পত্রিকার নাম লেখো। তার রচিত অন্য দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। বুদ্ধদেব বসুর 'সাহিত্য চর্চা' প্রবন্ধের অন্তর্গত 'বাংলা শিশু সাহিত্য' রচনায় উল্লিখিত শিশু-সাহিত্যের স্বর্ণযুগের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১+২+১১

অথবা

৪। বুদ্ধদেব বসুর 'সাহিত্য চর্চা' প্রবন্ধটি কত সালে প্রথম প্রকাশিত হয়? রবীন্দ্রনাথকৃত 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সমালোচনা কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? রবীন্দ্রনাথের বয়স তখন কত ছিল? 'মাইকেল' প্রবন্ধে বুদ্ধদেব বসু মধুসূদনের 'মেঘনাদবধ কাব্য' সম্পর্কে যে অভিমত ব্যক্ত করেছেন তা বিশদ করো।

১+১+১+১১

৫। প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী? 'ভারতচন্দ্র' ব্যতীত তাঁর রচিত দুটি প্রবন্ধের নাম লেখো। প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বলেছেন, "ভারতচন্দ্রের সাহিত্যের প্রধান রস কিন্তু আদিরস নয়, হাস্যরস। এ রস মধুর রস নয়, কারণ এ রসের জন্মস্থান হৃদয় নয়, মস্তিষ্ক; জীবন নয়, মন।" এই উক্তির আলোকে লেখকের 'ভারতচন্দ্র' প্রবন্ধটি সংক্ষেপে আলোচনা করো।


১+২+১১

অথবা

৬। প্রমথ চৌধুরী কোন্ পত্রিকার সম্পাদক ছিলেন? কে প্রমথ চৌধুরীকে 'উদাসীন গ্রন্থকীট' বলেছিলেন? "কথা যুগপৎ সরল করে ও সরস করে বলতে চায় শুধু সাহিত্যিকেরা।" এই উক্তি নিরিখে প্রমথ চৌধুরীর গদ্যরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

১+১+১১

(3)



৮=২x৪

। সংক্ষেপে আলোচনা করো (যে কোনো দুটি) :

(ক) ধর্ম ও মোক্ষ

(খ) 'সবুজপত্র' পত্রিকা

(গ) প্রাবন্ধিক বুদ্ধদেব বসুর প্রবন্ধ অনুসরণে নজরুল ইসলামের কবিকৃতি

(ঘ) বই পড়ার গুরুত্ব বিষয়ে প্রমথ চৌধুরীর বক্তব্য
